

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgf. gov. bd
web: www. dgf. gov. bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮.২৭৪(৮)

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় : রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ১৯৯০০ মেটন চালের চলাচল সূচি।

রংপুর বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডি হতে স্থানীয়ভাবে সংগৃহীত আমন'১৭-১৮ চালের মজুতের চাল বিভাগের বাহিরে প্রেরণের প্রস্তাব এবং এম, পাশা ও খুলনা সিএসডি হতে আমদানীকৃত সিদ্ধ চাল বরিশাল বিভাগ ও বৃহত্তর ফরিদপুর জেলায় বিভিন্ন বাতে চাহিদার প্রেক্ষিতে অপর পৃষ্ঠায় বর্ণিতভাবে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ১৯৯০০ মেটন চালের চলাচল সূচি জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও অর্ধতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেযানি বিশেষ তদারক/মজরদারিতে চাল প্রেরণ করতে হবে।
- ২। প্রতি ট্রাক/ওয়াগনে/বার্জ-এ প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৪। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময়ে পাঠাতে হবে।
- ৫। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি এবং ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং দত্তব্যপক্ষে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবশ্যই অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১০। এই সূচির মেয়াদ আগামী ১২/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার, খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তী আশ্রয়ী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি প্রদান হতে পারে এবং ব্যর্থ ঠিকাদারদের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২/০৪/১৮

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/খুলনা।
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/গাইবান্ধা।
৪। ব্যবস্থাপক, এম, পাশা/ খুলনা/দিনাজপুর সিএসডি।

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮.২৭৪/৮(১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, পরিবহণ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/সিলেট/বরিশাল।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৮। ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি।
- ১০। অফিস কপি।

০২/০৪/১৮

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

২১৪১২৮

